

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৫.০২৭.০৮.১০৮.১০৮.২০১৬-৮৯০

তারিখঃ ১৩/০৮/২০১৭

বিষয় : ৪নং ভূষণছড়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান-কে উপজেলা পরিষদের সভায় উপস্থিত হতে বাধা প্রদান প্রসঙ্গে।

সূত্র : জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা এর স্মারক নং-২২৩(২) ; তাং : ১৭/০৭/২০১৭

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত পরিদর্শন প্রতিবেদনের মন্তব্য ও সুপারিশের আলোকে তাঁকে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো এবং উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালনায় ভবিষ্যতে যেন এ ধরনের অভিযোগের পুনরাবৃত্তি না ঘটে সে বিষয়ে আরো সতর্ক থাকার জন্য নির্দেশক্রমে বলা হলোঃ


(ক) ব্যক্তিগত কোন আক্রোশকে সরকারি কাজের অংশ না করা;

(খ) সরকারের প্রকাশিত গেজেটের প্রতি সম্মান রেখে জনাব মামুনুর রশীদ মামুন, চেয়ারম্যান, ৪নং ভূষণছড়া ইউনিয়ন পরিষদ-কে উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভাসহ সকল প্রকারের সভায় অংশগ্রহণের সুযোগ প্রদান;

(গ) ভবিষ্যতে কোন ধরনের কোন্দলে জড়িত না হয়ে উপজেলার উন্নয়নের কাজে অংশগ্রহণ করার জন্য জনপ্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন;

(ঘ) জনপ্রতিনিধিদের সাথে সকল প্রকারের দূরত্ব গুছিয়ে একযোগে কাজ করতে হবে;

অন্যথায় উক্ত নির্দেশনা প্রতিপালনে ব্যত্যয় হলে আইন ও বিধি মোতাবেক তাঁর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।



(মোহাম্মদ জাহিরুল ইসলাম)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৭৭২৩০

e-mail : lgd.upazila2@gmail.com

জনাব মনি চাকমা

চেয়ারম্যান, উপজেলা পরিষদ

বরকল, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

অনুলিপি :

১. জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।